

ঢাবিতে ছাত্রলীগের গেস্টরুমে শিক্ষার্থী অসুস্থের অভিযোগ, তদন্তে কমিটি



ছবি: ফাইল

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৪ এপ্রিল ২০২৪ | ২২:৩৩



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিজয় একাত্তর হলে ছাত্রলীগের আদব-কায়দা শেখানোর 'গেস্টরুম' কর্মসূচি চলাকালে অতিরিক্ত গরমে এক শিক্ষার্থী অচেতন হয়ে পড়ার অভিযোগ উঠেছে।

মঙ্গলবার (২৩ এপ্রিল) রাত ১০টার দিকে বিজয় একাত্তর হলে এ ঘটনা ঘটে। ঘটনা তদন্তে তিন সদস্যের কমিটি গঠন করেছে হল প্রশাসন। কমিটিকে সাত কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে।

UNIBOTS



Advertisement

ভুক্তভোগী নিয়ামুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগের ২০২২-২৩ শিক্ষাবর্ষের ছাত্র। তিনি ছাত্রলীগের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনানের গ্রুপের অনুসারী। তবে নিয়ামুল জানিয়েছেন, ‘গরমের কারণে একটু অসুস্থ হয়ে পড়েছি। এখন আমি সুস্থ।’

এদিকে এ ঘটনা তদন্তে বুধবার তিন সদস্যের কমিটি করেছে বিজয় একাত্তর হল প্রশাসন। হলের আবাসিক শিক্ষক মোহাম্মদ শাহ মিরানকে প্রধান করে গঠিত এ কমিটির অন্য সদস্যরা হলেন- আবাসিক শিক্ষক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন ও আবু হোসেন মুহাম্মদ আহসান।

হলের প্রাধ্যক্ষ আবদুল বাছির সমকালকে বলেন, তদন্ত কমিটিকে সাত কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। প্রতিবেদন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।